

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
উন্নয়ন অধিশাখা-১৪
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৩২.০২৯.৯৮-

তারিখ: ২৩ মাঘ ১৪২৬
০৬ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: ঢাকাস্থ তেজগাঁও শিল্প এলাকার নবসৃষ্ট প্লট নম্বর ২৫ এর ১০ (দশ) কাঠা জমি ও তদউপরিস্থ অবকাঠামো সোনালী ব্যাংক লিমিটেড, গুলশান শাখা, ঢাকা এর নিকট বন্ধক রাখার অনাপত্তি প্রদান।

সূত্র: জনাব হুমায়ুন রশিদ, ব্যবস্থাপনা পরিচালক, এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লিমিটেড এর ২৬/১১/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনের প্রেক্ষিতে ঢাকাস্থ তেজগাঁও শিল্প এলাকার নবসৃষ্ট প্লট নম্বর ২৫ এর ১০ (দশ) কাঠা জমি ও তদউপরিস্থ অবকাঠামো সোনালী ব্যাংক লিমিটেড, গুলশান শাখা, ঢাকা এর নিকট নিম্নোক্ত শর্তে বন্ধক রাখার অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো:

শর্তাবলী:

- (১) লিজ দলিলের সকল ধারা, উপ-ধারা পক্ষগণ মেনে চলতে বাধ্য থাকবে;
- (২) কোনো কারণে ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান ঋণ প্রদানে ব্যর্থ হলে ঋণ প্রদানকারী ব্যাংক কর্তৃক এ সম্পত্তি বা উহার কোনো অংশের বিষয়ে কোনো সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষেত্রে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের পূর্বানুমোদন এবং ঋণ আনাদায়ে আইনানুযায়ী পদক্ষেপ গ্রহণের বিষয়ে এ মন্ত্রণালয়কে অবহিত রাখতে হবে;
- (৩) Mortgage Deed এবং পরিশোধের পর Deed of Redemption এর সার্টিফাইড কপি মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;
- (৪) কোনো তথ্য গোপন করে ঋণ গ্রহণ করলে আবেদনকারী প্রতিষ্ঠান/ঋণ গ্রহণকারী প্রতিষ্ঠান দায়ী থাকবেন এবং মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের কোন কর্মকর্তাকে দায়ী করা যাবে না ;
- (৫) তেজগাঁও শিল্প এলাকার বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের স্যুয়ামোটো রুল নং ৪০/২০১২ এবং মহামান্য আপিল বিভাগের সিপিএলএ নম্বর ১৪২২/২০১২ এর যে কোনো আদেশ প্লট মালিক ও ঋণ প্রদানকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান মেনে নিতে বাধ্য থাকবে;
- (৬) বন্ধকের বিনিময়ে লন্দ অর্থ দ্বারা এ প্লটের শিল্প প্রতিষ্ঠানের উন্নয়ন/সংস্কার কাজ করতে হবে; এবং
- (৭) ঋণ প্রদান এবং আদায়ের ক্ষেত্রে এ মন্ত্রণালয়ের কোনো দায়ভার থাকবে না।




(ফেরদৌস ওয়াহিদ)
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪৫৩৬৭
section14mohpw@gmail.com

জনাব হুমায়ুন রশিদ
ব্যবস্থাপনা পরিচালক
এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লিমিটেড
নবসৃষ্ট প্লট নং ২৫
তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৩২.০২৯.৯৮- ২২/২ (৫)
অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৩, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। সাব-রেজিস্ট্রার, তেজগাঁও, রেজিস্ট্রেশন কমপ্লেক্স, তেজগাঁও, ঢাকা।
- ৩। এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, গুলশান শাখা, ৩৯ ইসলাম ম্যানশন, গুলশান সাউথ এভিনিউ, গুলশান-১, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।


(ফেরদৌস ওয়াহিদ)

সিনিয়র সহকারী সচিব

